বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়।
৮৩-৮৫,মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০
ঋণ আদায় বিভাগ।
Email: dgmrecovery@krishibank.org.bd

নং-প্রকা/আদায়-১(৫৭)/২০২১-২০২২/৯৬৮ তারিখ ঃ ২৮-০৪-২০২২খ্রিঃ

ই-মেইলযোগে

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ আগামী ১৭/০৫/২২ হতে ২৩/০৫/২২ তারিখ পর্যন্ত ঋণ আদায়, বিতরণ ও স্বল্পসুদবাহী আমানত সংগ্রহের বিশেষ কর্মসূচি গ্রহণ এবং ২৩ মে, ২০২২ খ্রিঃ তারিখ রোজ সোমবার সকল শাখায় একযোগে "মধুমেলা" অনুষ্ঠান আয়োজন প্রসংগে।**

প্রিয় মহোদয়

বাংলাদেশ কৃষি ব্যাংক আবহমান বাংলার ঐতিহ্য অনুসরণ করে প্রতি বছর জ্যৈষ্ঠ মাসে "মধুমেলা" অনুষ্ঠান আয়োজন করে থাকে। বিগত বছরের ধারাবাহিকতায় চলতি অর্থবছরে আগামী ১৭/০৫/২০২২ হতে ২৩/০৫/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত সপ্তাহব্যাপী "মধুমেলা সপ্তাহ" এবং ২৩/০৫/২০২২ খ্রিঃ তারিখে সকল শাখায় একযোগে "মধুমেলা" অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

০২। **২৩ মে, ২০২২ খ্রিঃ তারিখের "মধুমেলা" উপলক্ষে স্থানীয় মুখ্য কার্যালয় এবং বিভাগসমূহের মধ্যে ঋণ আদায় ও বিতরণ এবং আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা পরিশিষ্ট-০১ অনুযায়ী নির্ধারণ করে দেয়া হলো** (২১.০৪.২০২২ পর্যন্ত অর্জন, ৪৩-৪৬ তম সপ্তাহের অনুমিত গড় অর্জন বাদ দিয়ে ৪৭ তম সপ্তাহ পর্যন্ত আনুপাতিক অর্জনের হার ৯০% ধরে)। **বিভাগীয় মহাব্যবস্থাপকগণ প্রাপ্ত লক্ষ্যমাত্রা সমুহ তাদের আওতাধীন কর্পোরেট শাখা/মুখ্য অঞ্চল/অঞ্চলের মধ্যে প্রযোজ্যতা অনুযায়ী বন্টন করে দিবেন এবং বন্টনের একটি অনুলিপি ঋণ আদায় বিভাগে প্রেরন নিশ্চিত করবেন। অনুরূপভাবে মুখ্য অঞ্চল/ অঞ্চল প্রধানগণ তাঁদের আওতাধীন শাখাসমূহের মধ্যে আনুপাতিক হারে লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দিবেন।**

০৩। **একযোগে সকল শাখায় "মধুমেলা" অনুষ্ঠান সফলভাবে আয়োজনের মাধ্যমে নির্ধারিত লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন নিশ্চিত করার জন্য মাঠ কার্যালয়সমূহ কে বর্ণিত কার্যাদি সম্পাদনের জন্য নির্দেশ প্রদান করা হলোঃ-**

(ক) **ঋণ আদায় ঃ**

(১) **ঋণগ্রহীতাগণের সাথে ব্যক্তিগত যোগাযোগঃ** "মধুমেলা" অনুষ্ঠান সফল করার লক্ষ্যে শ্রেণীকৃত, শ্রেণীযোগ্য ও পুনঃতফসিলিকৃত ঋণ গ্রহীতাগণের সাথে ব্যক্তিগত ভাবে সাক্ষাৎ ও মোবাইলের মাধ্যমে যোগাযোগ স্থাপন করে আগামী ১৭/০৫/২০২২ হতে ২৩/০৫/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত "মধুমেলা" অনুষ্ঠানে উপস্থিত হওয়ার জন্য আমন্ত্রণ জানাতে হবে এবং শাখাকে রঙ্গিন পোস্টার/ ফুল দিয়ে সাজিয়ে উৎসব মুখর পরিবেশ সৃষ্টিসহ শাখার সামনে শামিয়ানা টানিয়ে গ্রাহক সমাবেশের আয়োজন করতে হবে;

(২) "মধুমেলা" অনুষ্ঠান সফল করার লক্ষ্যে সকল শ্রেণীকৃত, শ্রেণীযোগ্য ও পুনঃতফসিলিকৃত ঋণ গ্রহীতাগণের নিকট নোটিশ পৌছানো নিশ্চিত করতে হবে;

(৩) স্থানীয়ভাবে ডিস/ক্যাবল অপারেটরদের মাধ্যমে এতদ্‌সংক্রান্ত প্রচারনা চালাতে হবে ;

(৪) স্থানীয় মুখ্য কার্যালয়/কর্পোরেট শাখা/শাখার আয় বৃদ্ধির লক্ষ্যে অবলোপনকৃত ঋণ আদায় এবং ৫২-স্থগিত সুদ হিসাব হতে আয় খাতে স্থানান্তরের নির্ধারিত বার্ষিক লক্ষ্যমাত্রার আনুপাতিক অর্জন নিশ্চিত করতে হবে;

(৫) মোকদ্দমা সংশ্লিষ্ট খাতকদের সাথে আদালতের বাইরে ব্যক্তিগত নিবিড় যোগাযোগ করে আপোষরফা/সমঝোতার মাধ্যমে উল্লেখযোগ্য সংখ্যক মোকদ্দমা নিষ্পত্তির কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(৬) শীর্ষ খেলাপী ঋণ গ্রহীতাদের সাথে দ্বি-পাক্ষিক সভা আয়োজনের মাধ্যমে তাদের নিকট হতে শ্রেণীকৃত ঋণ আদায় বৃদ্ধিকরণে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**(খ) ব্যাংকের বিনিয়োগ কার্যক্রমসহ সার্বিক আর্থিক কর্মকান্ডের স্বাভাবিক গতিধারা অব্যাহত রাখার স্বার্থে লো-কস্ট ডিপোজিট (এসএনডি ও সঞ্চয়ী আমানত) এবং সুদবিহীন চলতি আমানত সংগ্রহের উপর বিশেষ গুরুত্ব আরোপসহ বর্তমান অর্থবছরের বার্ষিক আমানত সংগ্রহ লক্ষ্যমাত্রার আনুপাতিক অর্জন নিশ্চিত করতে হবে।**

(গ) কৃষির প্রধান খাত (Core Sectors) যথা- শস্য, মৎস্য, প্রাণি সম্পদসহ চলতি মূলধন ঋণ ও অন্যান্য সকল খাতে গুনগত মান সম্পন্ন ঋণ বিতরণ করে মোট ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার আনুপাতিক অর্জন নিশ্চিত করতে হবে এবং নবায়নযোগ্য সকল নগদ/চলতি মূলধন ঋণ হিসাব নবায়নের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

চলমান পাতা-০২

(ঘ) এ কর্মসূচিকে সাফল্যমন্ডিত করার লক্ষ্যে ঢোল সহরত, লিফলেট ও মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচার-প্রচারণা চালাতে হবে এবং **প্রযোজ্য নোটিশ সমুহ ০৮.০৫.২০২২ ইং তারিখের মধ্যে প্রেরন নিশ্চিত করতে হবে।**

(ঙ) **"মধুমেলা" উপলক্ষ্যে বর্ণিত নমুনা অনুযায়ী স্থানীয় মুখ্য কার্যালয়সহ সকল কর্পোরেট শাখা/শাখায় "৬ ফুট× ২১/২ " ফুট মাপের ব্যানার (সবুজ কাপড়ের উপর সাদা লেখা সম্বলিত) টানাতে হবে।**

**মধুমেলা অনুষ্ঠান ২০২২**
**মধুমেলা সপ্তাহ**
**১৭ হতে ২৩ মে, ২০২২ খ্রিঃ**

আয়োজনেঃ বাংলাদেশ কৃষি ব্যাংক
.................... শাখা।

(চ) **"মধুমেলা" অনুষ্ঠানে স্থানীয় প্রতিনিধি ও প্রশাসনের কর্মকর্তাগণকে উপস্থিত থাকার আমন্ত্রণ জানাতে হবে এবং** আমানত হিসাব খোলা, ঋণ বিতরণ এবং আদায়ে আগত গ্রাহকগণকে যতদ্রুত সম্ভব সেবা প্রদান নিশ্চিত করতে হবে।

০৪। **সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয় ২৩-০৫-২০২২ তারিখ অনুষ্ঠিতব্য "মধুমেলা" অনুষ্ঠানে ঋণ আদায় ও বিতরণ এবং আমানত সংগ্রহের অঞ্চলওয়ারী সংকলিত বিবরণী সংযুক্ত ( পরিশিষ্ট-০২) ছকে ২৩-০৫-২০২২ তারিখ সন্ধ্যা ৬.০০ ঘটিকার মধ্যে ঋণ আদায় বিভাগে ই-মেইলযোগে প্রেরন নিশ্চিত করতে হবে ।**

০৫। **উপরোক্ত ২৩ মে ২০২২ খ্রিঃ তারিখে "মধুমেলা" অনুষ্ঠান সফল বাস্তবায়নের লক্ষ্যে বিভাগীয় কার্যালয়ে কর্মরত জনশক্তি বিভাগীয় মহাব্যবস্থাপকগণ বিভাগাধীন সবচেয়ে পিছিয়ে পড়া অথচ সম্ভাবনাময় মুখ্য অঞ্চল/অঞ্চল/কর্পোরেট শাখায় নিয়োজিত করবেন। একই ভাবে মুখ্য অঞ্চল/ অঞ্চল প্রধানগণ নিজ কার্যালয়ের কর্মকর্তাসহ বিভাগীয় কার্যালয় হতে প্রেরিত কর্মকর্তাদেরকে মুখ্য অঞ্চল/অঞ্চলাধীন সবচেয়ে পিছিয়ে পড়া অথচ সম্ভাবনাময় শাখায় নিয়োজিত করে তাদের শ্রম, মেধা ও অভিজ্ঞতাকে ব্যাংক/শাখার স্বার্থে কাজে লাগানোর সার্বিক ব্যবস্থা গ্রহণ করবেন। উক্ত কর্মসূচিকে সফলভাবে বাস্তবায়নের জন্য নিয়ন্ত্রণকারী কার্যালয়সহ সকল শাখাসমূহের কর্মকর্তা/কর্মচারীগণকে প্রয়োজনে সাপ্তাহিক ছুটির দিনেও কাজ করার জন্য অনুরোধ করা হলো।**

০৬। **উল্লেখ্য, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ প্রধান কার্যালয়ের উর্ধতন নির্বাহীগণ ও প্রমোটরগণ উপরোক্ত "মধুমেলা" অনুষ্ঠানে উপস্থিত থেকে মাঠ কার্যালয়সমূহ কর্তৃক গৃহীত কার্যক্রম ও ফলাফল পর্যবেক্ষণ এবং মূল্যায়ণ করবেন।**

০৭। উপরোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ ও পরিপালনপূর্বক অধিক পরিমাণে অবলোপনকৃত ঋণ, ৫২-স্থগিত সুদযুক্ত শ্রেণীকৃত ঋণ (CL), পুনঃতফসিলিকৃত ঋণ, এনসিএল, দ্বিগুণের আওতায় আদায়যোগ্য ঋণ, এবং অনাদায়ী শ্রেণীযোগ্য ঋণ-২ **(WCL-2) সুদসহ সম্পূর্ণ আদায়ের বিষয়টি সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে ২৩ মে, ২০২২ খ্রিঃ তারিখের "মধুমেলা" অনুষ্ঠান সফল বাস্তবায়নে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।**

আপনার বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনামতে।

২৮/০৪/২০২২
(চানু গোপাল ঘোষ)
উপব্যবস্থাপনা পরিচালক-১

নং-প্রকা/আদায়-১(৫৯)/২০২১-২০২২/৯৬৮
তারিখ ঃ ২৮-০৪-২০২২ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি,প্রকা/অধ্যক্ষ, বিকেবি,স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৪। সচিব, পর্ষদ সচিবালয়/ সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সকল প্রমোটর, বিকেবি, প্রকা, ঢাকা। **অত্র পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-মহাব্যবস্থাপক, তথ্য প্রযুক্তি (সিস্টেমস) বিভাগকে অনুরোধ করা হলো।**
০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়,বিকেবি।
০৬। কর্পোরেট শাখা/অঞ্চল/শাখাসমূহের সার্বিক কার্যক্রম মনিটরিং এর দায়িত্বে নিয়োজিত সকল প্রমোটারবৃন্দ, বিকেবি, প্রকা, ঢাকা।
০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা,সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়,বিকেবি।
০৮। নথি/মহানথি।

২৮/০৪/২২
(মোহাম্মদ আজিজুর রহমান ফকির)
উপ-মহাব্যবস্থাপক

# বাংলাদেশ কৃষি ব্যাংক
## প্রধান কার্যালয়, ঢাকা।
## ঋণ আদায় বিভাগ।

**বিষয়ঃ আগামী ২৩-০৫-২০২২ ইং তারিখে অনুষ্ঠিতব্য ''মধুমেলা '' অনুষ্ঠানের বিভিন্ন খাতের লক্ষ্যমাত্রা ।**

(কোটি টাকায়)

| ক্রঃ নং | বিভাগের নাম | আমানত সংগ্রহ | ঋণ বিতরণ | ঋণ আদায় | | | | | সর্বমোট ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা | পুনঃতফসীলকৃত ঋণ (শ্রেণীযোগ্য-১,২ ও দ্বিগুণ ব্যতীত) | ৫২-স্থগিত সুদের লক্ষ্যমাত্রা | অবলোপনকৃত ঋণের লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | শ্রেণীকৃত ঋণ | এনসিএল | শ্রেণীযোগ্য-২ ঋণ(নিয়মিত) | শ্রেণীযোগ্য-২ ঋণ(পুনঃতফসিল কৃত) | দ্বিগুণের আওতায় আদায়যোগ্য ঋণ | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | | | ৯ | | ১০ | ১১ |
| ১ | ঢাকা | ৭০০.০০ | ৫০০.০০ | ২৪০.০০ | ১১.০০ | ১.০০ | ৩৫.০০ | ৯০.০০ | ৩৭৭.০০ | ১৮০.০০ | ৫০.০০ | ১৫.০০ |
| ২ | ময়মনসিংহ | ৩০.০০ | ২৫০.০০ | ৬০.০০ | ৬.৪০ | ৪.০০ | ১.০০ | ১৮০.০০ | ২৫১.৪০ | ৩৬০.০০ | ১২.০০ | ১.৫০ |
| ৩ | চট্টগ্রাম | ১০০.০০ | ৪০০.০০ | ১১০.০০ | ১১.৪০ | ১.০০ | ২৫.০০ | ১৫.০০ | ১৬২.৪০ | ২০.০০ | ১০.০০ | ৫.০০ |
| ৪ | কুমিল্লা | ১.০০ | ৩৫০.০০ | ২০.০০ | ১১.৭০ | ১.০০ | ৩০.০০ | ৮৫.০০ | ১৪৭.৭০ | ৯০.০০ | ১৫.০০ | ২.০০ |
| ৫ | সিলেট | ১.০০ | ২২০.০০ | ১৫.০০ | ২.৯০ | ১.০০ | ৬.০০ | ৩২.০০ | ৫৬.৯০ | ৫০.০০ | ৫.০০ | ১.০০ |
| ৬ | খুলনা | ১০০.০০ | ২২০.০০ | ২০.০০ | ৮.৭০ | ৩০.০০ | ১৮.০০ | ৭৫.০০ | ১৫১.৭০ | ৩.০০ | ১.০০ | ৩.০০ |
| ৭ | কুষ্টিয়া | ১৫০.০০ | ৩০০.০০ | ২৫.০০ | ২.৭০ | ১.০০ | ৮.০০ | ৩০.০০ | ৬৬.৭০ | ১.০০ | ৩.০০ | ০.৩০ |
| ৮ | বরিশাল | ১৪০.০০ | ১৭০.০০ | ১৫.০০ | ৩.৪০ | ১.০০ | ১.০০ | ১৩০.০০ | ১৫০.৪০ | ৯৫.০০ | ৫.০০ | ১.২০ |
| ৯ | ফরিদপুর | ১৫০.০০ | ৩০০.০০ | ৮.০০ | ২.৮০ | ৭.০০ | ২.০০ | ৪০.০০ | ৫৯.৮০ | ৭৬.০০ | ১.৫০ | ০.৫০ |
| ১০ | এলপিও | ৮১৮.০০ | ১০.০০ | ১৭.০০ | ২০২.০০ | ৭৮.০০ | ১২৯.০০ | ০.০০ | ৪২৬.০০ | ০.০০ | ৫৫.৫০ | ০.৫০ |
| | সর্বমোট ঃ | ২১৯০.০০ | ২৭২০.০০ | ৫৩০.০০ | ২৬৩.০০ | ১২৫.০০ | ২৫৫.০০ | ৬৭৭.০০ | ১৮৫০.০০ | ৮৭৫.০০ | ১৫৮.০০ | ৩০.০০ |

২৮-০৪-২২
(মোঃ মাহমুদুল হাসান ভুইয়া)
মুখ্য কর্মকর্তা

২৮-০৪-২০২২
(আবু জাফর মোহাম্মদ মহিউদ্দিন )
সহকারী মহাব্যবস্থাপক

# বাংলাদেশ কৃষি ব্যাংক

## বিভাগীয় কার্যালয়--------------- ।

পরিশিষ্ট-"২"

**বিষয়ঃ ২৩/০৫/২০২২ তারিখে অনুষ্ঠিত 'মধুমেলা ' অনুষ্ঠানের দিন আমানত সংগ্রহ, ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।**

(কোটি টাকায়)

| ক্রঃ নং | কর্পোরেট শাখা/ মুখ্য অঞ্চল/ অঞ্চলের নাম | আমানত সংগ্রহ | | | ঋণ বিতরণ | | | ঋণ আদায়ের পরিমাণ | | | | | | | | | | | | | | পুনঃতফসিলিকৃত ঋণ ( শ্রেণীযোগ্য-১,২ ও দ্বিগুণ ব্যতীত) | | | ৫২- স্থগিত সুদ আদায় | | | অবলোপনকৃত ঋণ আদায় | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | শ্রেণীকৃত ঋণ | | | এনসিএল | | শ্রেণীযোগ্য ঋণ-২ | | | | দ্বিগুণের আওতায় আদায়যোগ্য স্বল্পমেয়াদী কৃষি ঋণ | | মোট ঋণ আদায় | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | নিয়মিত ঋণ | | পুনঃতফসিলিকৃত ঋণ | | | | লক্ষ্যমাত্রা | অর্জন | | | | | | | | | | |
| | | লক্ষ্যমাত্রা | পরিমাণ | হার | লক্ষ্যমাত্রা | পরিমাণ | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | | পরিমাণ | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০(৯+১২+১৪+১৬+১৮) | ২১(১০+১৩+১৫+১৭+১৯) | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ৩০ | ৩১ |
| ০ | | ০.০০ | | ০% | ০.০০ | ০.০০ | ০% | ০.০০ | ০.০০ | ০% | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | | | ০.০০ | ০.০০ | #উওঠ/০! | ০.০০ | ০.০০ | #উওঠ/০! | ০.০০ | ০.০০ | #### | ০.০০ | ০.০০ | #### |